# ফ্যাসিবাদে ফেরার পথ রুখতেই গণভোট: আলী রীয়াজ



সংগৃহীত ছবি

বাংলাদেশ যেন আর কখনও ফ্যাসিবাদী ব্যবস্থায় ফিরে না যায়—সে লক্ষ্যেই এবারের গণভোট অনুষ্ঠিত হচ্ছে বলে জানিয়েছেন প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী অধ্যাপক আলী রীয়াজ। বুধবার কৃষি বিভাগের কর্মকর্তা ও মাঠকর্মীদের সঙ্গে ভার্চুয়াল মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন।

আলী রীয়াজ বলেন, এই গণভোট ভবিষ্যৎ রাষ্ট্রব্যবস্থা নির্ধারণের বিরল সুযোগ। আগামী কয়েক বছর নয়, দেশের দীর্ঘমেয়াদি পথচলা নির্ধারণে সবাইকে দায়িত্বশীল ভূমিকা রাখতে হবে। তৃণমূল পর্যায়ে কৃষি বিভাগের বিস্তৃত জনবলকে কাজে লাগিয়ে গণভোট বিষয়ে মানুষের মধ্যে স্পষ্ট ধারণা পৌঁছে দেওয়ার আহ্বান জানান তিনি।

সভায় বিশেষ অতিথি ছিলেন প্রধান উপদেষ্টার আরেক বিশেষ সহকারী মনির হায়দার। তিনি বলেন, জুলাই অভ্যুত্থান দেখিয়েছে—শাসন ও সাংবিধানিক কাঠামোয় বড় ধরনের সংস্কার জরুরি। ভবিষ্যৎ প্রজন্মের জন্য গণতান্ত্রিক বাংলাদেশ গড়তে গণভোটে সক্রিয় অংশগ্রহণ প্রয়োজন।

সভাপতিত্ব করেন কৃষি মন্ত্রণালয়ের সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান। তিনি জানান, গণভোট বিষয়ে জনসচেতনতা বাড়াতে লিফলেট বিতরণ, ব্যানার স্থাপন, মোবাইল ভ্যান ও আঞ্চলিক রেডিও প্রচারসহ নানা কর্মসূচি নেওয়া হয়েছে। পাশাপাশি কৃষি বিভাগের হটলাইনও এ কাজে যুক্ত থাকবে।

ভার্চুয়াল সভায় কৃষি মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তরের কর্মকর্তারা অংশ নেন।